

৫ হাজার ৯২ প্রতিষ্ঠান থেকে শতভাগ উত্তীর্ণ

নিম্নলিখিত বার্তা পরিবেশক

এসএসসি ও সমমানের পরীক্ষায় এবার শতভাগ উত্তীর্ণ প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে এক হাজার ৭১৫টি। গত বছর তিন হাজার ৩৭৭টি প্রতিষ্ঠান থেকে শতভাগ ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছিল। এবার এ সংখ্যা বেড়ে নেট সার্ভিসে পাঁচ হাজার ৯২টি। এবার ২৭ হাজার ৭২টি প্রতিষ্ঠানের

ছাত্রছাত্রী মোট ২ হাজার ৭৫৮টি পরীক্ষা কেন্দ্র থেকে এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেয়। আর গত বছর ২ হাজার ৪৬৪টি পরীক্ষা কেন্দ্র থেকে ২৬ হাজার ৬৫৮টি প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী এই পরীক্ষায় অংশ নিয়েছিল।

এ বিষয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল সংবাদ সম্মেলনে বলেন, শতভাগ : পৃষ্ঠা : ১৫ ত : ৩

শতভাগ : উত্তীর্ণ

(১ম পৃষ্ঠার পর)

আগে শুধু জেলা পর্যায়ের বড় বড় স্কুলগুলো থেকে শতভাগ ছাত্রছাত্রী পাস করত। গত কয়েক বছরে গ্রাম ও প্রত্যন্ত অঞ্চলের স্কুল থেকেও শতভাগ ছাত্রছাত্রী উত্তীর্ণ হচ্ছে। এতেই বুঝা যায়, সার্বিকভাবে শিক্ষার মানোন্নয়ন হচ্ছে।